গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
তাড়াশ, সিরাজগঞ্জ।
tarash.sirajganj.gov.bd

উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সেপ্টেম্বর/২০২২ মাসের মাসিক আইন-শৃঙ্খলা সভার কার্যবিবরণী:

সভাপতি : মোঃ মেজবাউল করিম
উপজেলা নির্বাহী অফিসার
তাড়াশ, সিরাজগঞ্জ।

সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, তাড়াশ
তারিখ : ২৯/০৯/২০২২ খ্রিস্টাব্দ
সময় : বেলা ১০:৩০ ঘটিকা

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।

সভায় উপস্থিত উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির বিগত মাসের সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। পাঠান্তে কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ পর্যালোচনা পূর্বক কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

২। অতঃপর উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি বিষয়ে বিস্তারিত আলোচনাসহ অফিসার ইনচার্জ, তাড়াশ থানার আগস্ট/২০২২ এবং সেপ্টেম্বর/২০২২ মাসের তুলনামূলক অপরাধচিত্র আলোচনা করা হয়।

অফিসার ইনচার্জ, তাড়াশ থানার আগস্ট/২০২২ এবং সেপ্টেম্বর/২০২২ মাসের তুলনামূলক অপরাধচিত্র নিম্নরূপ:

| মাসের নাম | ডাকাতি | দস্যুতা | চুরি | পশু চুরি | হত্যা | অস্ত্র আইন | অপহরণ | ধর্ষণ | যৌতুক | শিশু/নারী নির্যাতন | মাদকদ্রব্য | চোরা চালান | দ্রুত বিচার আইন | পুলিশ আক্রান্ত | সড়ক দুর্ঘটনা | অন্যান্য | জুয়া | পর্নোগ্রাফি | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ |
| আগস্ট/২২ | - | - | ২ | -- | - | - | - | ১ | - | ১ | ১০ | - | - | - | - | ৯ | - | - | ২৩ |
| সেপ্টেম্বর/২২ | ১ | - | ২ | - | ১ | - | - | - | - | ২ | ১০ | - | - | - | ২ | ৬ | - | - | ২৪ |

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা/কর্তৃপক্ষ |
|---|---|---|
| ০৩। অফিসার ইনচার্জ, তাড়াশ থানা সভায় জানান যে, আইন শৃঙ্খলা পরিস্থিতি ভালো। মাদকের বিরুদ্ধে অভিযান অব্যাহত রয়েছে এবং মাদকের বিরুদ্ধে র‍্যাবের অভিযান চলমান রয়েছে। মাদক নিয়ে পুলিশসহ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ও র‍্যাব কাজ করে থাকে। তিনি জানান আসন্ন শারদীয় দুর্গাপূজায় হিন্দু ও মুসলমান উঠতি বয়সি ছেলেপেলে মদ খেয়ে মাতলামো করে থাকে। তিনি ইউনিয়ন সামাজিক সম্প্রীতি কমিটি ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ পূজা মন্ডপ পরিদর্শন করলে ভালো হয় এবং পরিদর্শন করে কোন সমস্যা দেখা দিলে অফিসার ইন-চার্জ কে অবগত করার জন্য বলেন। তিনি সকল পূজা মন্ডপে সিসি ক্যামেরা লাগানোর জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। যে সব বাজারে নৈশ্যপ্রহরী নেই সে সব বাজারে দোকান মালিকদের পালাক্রমে পাহাড়া দেওয়ার জন্য অনুরোধ করেন। পূজাকে কেন্দ্র করে কোন দুষ্কৃতিকারী ফায়দা লুটতে না পারে সেজন্য সকলকে সজাগ থাকার জন্য অনুরোধ করেন। তিনি নওগাঁ মাজারে গুরুত্বপূর্ণ স্থানে সিসি ক্যামেরা লাগানোর জন্য অনুরোধ করেন। প্রতিটি বাজারে প্রবেশ এবং বাহির মুখে সিসি ক্যামেরা লাগানোর জন্য অনুরোধ করেন। বাজারে নৈশ্য প্রহরী থাকলে তথ্য পাওয়া যায় সেক্ষেত্রে চুরি, ডাকাতি রোধ করা যায়। তিনি আরও জানান, তাড়াশ উপজেলায় যে সব রাস্তা দিয়ে প্রবেশ করা এবং বের হয় সেসব জায়গাতে সিসি ক্যামেরা লাগানোর জন্য অনুরোধ করেন। তিনি রাত আটটার পর ভাড়ায় চালিত মটরসাইকেল চলাচল না করার জন্য অনুরোধ করেন। অন্যান্য গুরুত্বপূর্ণ রাস্তা পুলিশ টহল জোরদার করা হয়েছে, পুলিশ টহলের গাড়ী না থাকার কারণে সমস্যা হচ্ছে। নিয়মিত ওয়ারেন্ট তামিল করা হচ্ছে। সর্বশেষে তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | তাড়াশ উপজেলার কোন এলাকায় মাদকের ক্রয়-বিক্রয় এবং সন্ত্রাস বা নাশকতার আশংকা দেখা দিলে তাৎক্ষণিকভাবে তা অফিসার ইনচার্জ, তাড়াশ থানাকে অবহিত করার জন্য উপস্থিত সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হলো। মাদক নির্মূলে সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহবান জানানো হয়। | ১। অফিসার ইনচার্জ, তাড়াশ থানা, তাড়াশ, সিরাজগঞ্জ<br>২। চেয়ারম্যান (সকল) ইউপি, তাড়াশ, সিরাজগঞ্জ |

| | | |
|---|---|---|
| জন্য অনুরোধ করেন। এ বিষয়ে অফিসার ইনচার্জ, তাড়াশ থানার দৃষ্টি আকর্ষণ করেন। | | |
| ১০। জনাব মোঃ আনোয়ার হোসেন খান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তাড়াশ সভায় জানান যে, তাড়াশ উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভালো। মাদক আগের তুলনায় কমেছে। তিনি আরও জানান যে, আসন্ন শারদীয় দূর্গাপূজা সুষ্ঠু, সুন্দর ভাবে পালনের জন্য সকলের সহযোগিতা কামনা করেন। তিনি জানান পূজার আরতীর সময় ব্যাপক লোকজন সমাগম হয়ে থাকে, নির্ধারিত সময়ে আরতী শেষ করার জন্য অনুরোধ করেন। তিনি প্রতিটি পূজা মন্ডপে ১জন করে পুলিশ নিয়োগ করার জন্য অফিসার, ইন-চার্জ, তাড়াশ কে অনুরোধ করেন।তিনি মাদকসেবনকারী ও ব্যবসায়ীদের বিরুদ্ধে অভিযান পরিচালনা করার জন্য অনুরোধ করেন। এ বিষয়ে অফিসার ইনচার্জ, তাড়াশ থানার দৃষ্টি আকর্ষণ করেন। | মাদক ব্যবসায়ী/ সেবনকারীদের আইনের আওতায় আনার জন্য অনুরোধ করেন। মামলা বিষয়ে আসামীদের আইনের আওতায় আনার জন্য অফিসার ইনচার্জ, তাড়াশ থানাকে অনুরোধ জানানো হয়। | ১। অফিসার ইনচার্জ, তাড়াশ থানা, তাড়াশ, সিরাজগঞ্জ |

সভাপতি উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, সুষ্ঠু আইন-শৃঙ্খলা পরিস্থিতি বজায় রাখার জন্য এবং তাড়াশকে মাদকমুক্ত করতে আইন-শৃঙ্খলা বাহিনী ও ইউপি চেয়ারম্যানদের সার্বিক সহযোগিতা কামনা করেন এবং যেকোন রকম বিশৃঙ্খলা রোধে তাৎক্ষণিকভাবে প্রশাসনকে অবহিত করার জন্য অনুরোধ করেন। সভাপতি আরও জানান যে, সরকারি আদেশ মোতাবেক বিদ্যুৎ সাশ্রয়ের জন্য রাত ৮টার পর দোকানপাট বন্ধ রাখার জন্য অনুরোধ করেন। সভাপতি পুনরায় সকলের দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, জঙ্গী তৎপরতার কুফল সম্পর্কে ইউনিয়ন ও ওয়ার্ড আইন-শৃঙ্খলা কমিটির সভা করা এবং প্রতি জুম্মার নামাজের খুৎবায় মসজিদের ইমামগণকে সন্ত্রাস ও জঙ্গীবাদ প্রতিরোধে, বাল্য বিবাহের কুফল বর্ণনা করার জন্য অনুরোধ করেন। সভাপতি আরও জানান যে, সামাজিক সম্প্রীতি কমিটিকে চলমান শারদীয় দূর্গাৎসব উপলক্ষ্যে বিভিন্ন ইউনিয়নে সামাজিক সম্প্রীতি রক্ষায় জোরালোভাবে কাজ করার জন্য অনুরোধ জানান।

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে ও আইন-শৃঙ্খলা রক্ষার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য সকলের সার্বিক সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
(মোঃ মেজবাউল করিম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
তাড়াশ, সিরাজগঞ্জ।

স্মারক নম্বর: ০৫.৪৩.৮৮৮৯.০০০.১০.০০১.২২.৭২৪১ (৪০)

তারিখ: ১০ ভাদ্র ১৪২৯
২৫ আগস্ট ২০২২

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:
১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৬৪ সিরাজগঞ্জ-৩।
২। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, সিরাজগঞ্জ।
৩। পুলিশ সুপার, সিরাজগঞ্জ।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তাড়াশ, সিরাজগঞ্জ।
৫। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তাড়াশ, সিরাজগঞ্জ।
৬। সহকারী কমিশনার (ভূমি), তাড়াশ, সিরাজগঞ্জ।
৭। উপজেলা...................................................... অফিসার, তাড়াশ, সিরাজগঞ্জ।
৮। প্রশাসক, তাড়াশ পৌরসভা, তাড়াশ, সিরাজগঞ্জ।
৯। অফিসার ইনচার্জ, তাড়াশ থানা, সিরাজগঞ্জ।
১০। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, তাড়াশ, সিরাজগঞ্জ। (তাকে কার্যবিবরণীটি উপজেলা ওয়েব পোর্টালে আপলোডের জন্য বলা হলো) ।
১১। চেয়ারম্যান........................................................ (সকল) ইউপি, তাড়াশ, সিরাজগঞ্জ।
১২। অধ্যক্ষ/সুপার/প্রধান শিক্ষক ..................................... কলেজ/মাদ্রাসা/উচ্চ বিদ্যালয়/বিদ্যালয়, তাড়াশ, সিরাজগঞ্জ।
১৩। সভাপতি/সম্পাদক..........................................।
১৪। জনাব.......................................................।
১৫। অফিস কপি

২৫/০৮/২২

উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি